শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৭৬

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯
২০ জুলাই ২০২২

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের জুলাই ২০২২ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ২৫-৭-২০২২ খ্রিঃ তারিখ রোজ- সোমবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

20/07/22

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

20-7-22

**বিতরণ :কার্যার্থে :**

১। ............................................................, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান ....................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। ................................................................... ।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৭৬

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯
২০ জুলাই ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

20/07/22

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

20-7-22

উপস্থিত উপদেষ্টা মন্ডলী:

১. জনাব মো: আজিজুর রহমান
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩, ঠাকুরগাঁও-৩
২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি:
৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান
৫. জনাব মোছা: আরজিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১
৬. জনাব মোছা: নুর জাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২
৭. জনাব মোছা: খাদিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩
৮. জনাব মোছা: গোলেনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি.
২. চেয়ারম্যান, ২ নং কোষারানীগঞ্জ ইউ.পি.
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি.
৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি.
৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি.
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি.
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি.
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি.
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি.
১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি.

তারিখ: ২৫-৭-২০২২ খ্রি:
সময়: ১০-০০টা

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
| --- | --- | --- |
| ১ | রাজেন্দ্র নাথ রায় - উপ. কৃষি অফিসার | |
| ২. | মো: খালেদ মোশাররফ SUFO | |
| ৩. | ডা: মো: সোহেল রানা, ইউএলও (অতি: দায়িত্ব) | |
| ৪. | মো: হাবিবুল ইসলাম, উপজেলা প্রকৌশলী | |
| ৫. | মো: মঞ্জু মিয়া ডিজিএম পল্লী বিদ্যুৎ | |
| ৬. | মো: জাহাঙ্গীর আলম - উপ-সহ. প্রকৌশলী | |
| ৭. | নাজিয়া আক্তার, উপজেলা প: প: কর্মকর্তা | ২৫/০৭/২০২২ |
| ৮. | মো: রাকিব হোসেন উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | ২৫/০৭/২২ |
| ৯. | এস এম রফিকুল ইসলাম - উপজেলা সমাজসেবা অফিসার | |
| ১০. | মো: জহুরুল আলম - সহ: প্রকৌ: - বিএডিসি | |
| ১১. | মো: আরিফুল্লাহ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | ২৫/০৭/২২ |
| ১২. | মো: জুলফিকার আলী উপজেলা যুব উন্নয়ন অফিসার | ২৫/৭/২০২২ |
| ১৩. | সুনীল চন্দ্র রায় USO | |
| ১৪. | মো: আবেদ আলী সরকার, উপজেলা শিক্ষা অফিসার | |
| ১৫. | মোছা: ফেরদৌসী ইয়াসমিন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ২৫.০৭.২২ |
| ১৬. | মো: মেহেদী হাসান, SAE, DPHE | |
| ১৭. | মো: জিয়াউল হক শাহ (UCF) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ১৮. | এস এম, জসীম উদ্দিন - ইউডিসি | |
| ১৯. | মো: আমিম - সার্ভেয়ার - উপজেলা প্রকৌশলী | |
| ২০. | ডা. কৃষ্ণচন্দ্র রায় মেডিকেল অফিসার ([illegible]) | |
| ২১. | মো: মাসুদ রানা [illegible] নির্বাচন অফিসার | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর জুলাই ২০২২ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২৫-৭-২০২২ খ্রিঃ

**সময়** ঃ সকাল ১০:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক', অনুপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'খ' ও পরিশিষ্ট - 'গ' ইউজিডিপি'র অবকাঠামো প্রকল্পের বিল**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫৪৪ জন, বহিঃ বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৬,৮৬৭ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,০৪০ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৭৮ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০১ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২৭২ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১৫০ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%।<br>সভায় আলোচনা হয় যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার পরিচ্ছন্নতা, ডাক্তার, নার্স, স্টাফ সংকট দূরীকরণ, পর্যাপ্ত ঔষধ সরবরাহ, রোগীদের মানসম্মত খাদ্য পরিবেশন ইত্যাদির দাবিতে ইতোমধ্যে একটি মানববন্ধন সংঘটিত হয়েছে। উক্ত মানববন্ধনে উত্থাপিত দাবীসমূহের যথাযথ মূল্যায়নপূর্বক সমস্যা নিরসনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় একমত পোষণ করেন। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে সভায় জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পরিস্কার পরিচ্ছন্নতা, ডাক্তার, নার্স, স্টাফ সংকট দূরীকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ ও পর্যাপ্ত ঔষধ সরবরাহ, রোগীদের মানসম্মত খাদ্য পরিবেশনে সচেষ্ট হতে হবে। | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি আরও জানান, বিশ্ব জনসংখ্যা দিবসে শ্রেষ্ঠ কর্মী নির্বাচনে জেলা পর্যায়ে পীরগঞ্জ উপজেলা ০৪ টি ক্যাটাগরীতে শ্রেষ্ঠ নির্বাচিত হয়। এ জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয় পীরগঞ্জ উপজেলা পঃ পঃ বিভাগকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br>গত ৩০ জুন ২০২২ খ্রিঃ তারিখ মাঠ পর্যায়ে কার্যক্রমে গতিশীলতা আনায়নের লক্ষ্যে পঃ পঃ অধিদপ্তরের নির্দেশক্রমে ১৫ জন স্বেচ্ছাসেবী এক বছরের মেয়াদে নিয়োগ করা হয়। স্বেচ্ছাসেবীগণ যেন, বাড়ি বাড়ি গিয়ে রেজিস্ট্রেশন ও তথ্য সংগ্রহ করতে পারে, সে বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।<br>ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ পঃ কেন্দ্রগুলোতে সীমানা প্রাচীর না থাকায় আশেপাশের লোকজন কেন্দ্রের জায়গাগুলো যত্রতত্রভাবে ব্যবহার করছে। এতে সেবা কেন্দ্রের পরিবেশ ও সেবা গ্রহীতাদের গোপনীয়তা বিঘ্নিত হচ্ছে। সীমানা প্রাচীর নির্মাণে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন এর সহযোগিতা কামনা করেন। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে।<br>২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে এবং এ বিষয়ে স্বেচ্ছসেবীদের সহযোগিতা করতে হবে।<br>৩) ইউনিয়ন স্বাস্থ্য ও পঃ পঃ কেন্দ্রগুলোর সীমানা প্রাচীর নির্মাণের প্রয়োজনীয় বরাদ্দ চেয়ে উপজেলা প্রশাসনের মাধ্যমে পত্র প্রেরণ করতে হবে। | **১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।**<br>**২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ।** |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, চলতি মৌসুমে আমন ধান রোপন চলছে। আমনের লক্ষ্যমাত্রা ২৫,১৭৫ হেক্টর। ৬০% ইতিমধ্যে রোপন শেষ হয়েছে। চলতি মৌসুমে রাসায়নিক সারের যে চাহিদা দেওয়া হয়েছে, সে অনুযায়ী বরাদ্দ পাওয়া যায়নি। এর পরিপ্রেক্ষিতে অতিরিক্ত সারের চাহিদা প্রেরণ করা হয়েছে। সরকারি ৫০% ভর্তুকি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ চলমান রয়েছে। সভায় সকল সার ডিলারদের ব্যবহৃত রেজিস্টার ও সার গুদাম নিয়মিতভাবে পরিদর্শনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানি তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং নিয়মিতভাবে সার গুদাম পরিদর্শন করতে হবে। | **উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারণ কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। সভায় জানানো হয় যে, ইউনিয়ন পর্যায়ে এ বিভাগে কোন লোকবল নাই। | ১) ২০২২-২৩ অর্থ বছরের জন্য কি কি কার্যক্রমের চাহিদা রয়েছে, তার অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে।<br>২) প্রয়োজনীয় লোকবল প্রদানের জন্য উপজেলা প্রশাসনের মাধ্যমে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে। | **উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ১৬ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৪ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। প্রতি বছরের ন্যায় এবারও সারা দেশব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহ ২০২২ উদযাপন হতে যাচ্ছে। এবারের শ্লোগান **"নিরাপদ মাছে ভরবো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"**। এই শ্লোগানকে সামনে নিয়ে উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দপ্তর, পীরগঞ্জ, ঠাকুরগাঁও কর্তৃক ২৩ জুলাই হতে ২৯ জুলাই, ২০২২ পর্যন্ত বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। নিরাপদ মৎস্য উৎপাদনে পীরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের চাষ পুকুরে মুরগির বিষ্ঠা (লিটার) প্রয়োগ রোধে কার্যকরী পদক্ষেপ নিতে উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১) জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর উপকরণ দিয়ে উপজেলার কোন স্থানে মৎস্য চাষাবাদ হচ্ছে কীনা, সে বিষয়ে নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে।<br>২) ২০২২-২৩ অর্থ বছরের জন্য কি কি কার্যক্রমের চাহিদা রয়েছে, তার অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। | **উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, চলতি অর্থ বছরে মোট ১৪ টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভূক্ত হয়েছে। তন্মধ্যে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ০৫ টি, দাখিল মাদ্রাসা ০৩ টি, স্তর পরিবর্তন ০৩ টি, প্রভাতি শাখা ০১ টি ও ভোকেশনাল শাখার ০২ টি।<br>UITRCE Phase-2 প্রকল্পের আওতায় বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। মাধ্যমিক স্তর থেকে স্নাতক পর্যায় উপবৃত্তিধারী শিক্ষার্থীদের মাঝে অনলাইনে স্ব স্ব একাউন্টে টাকা বিতরণ প্রায় সম্পন্ন হয়েছে। CA এবং CQ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ঈদুল আযহা ও গ্রীষ্মকালীন ছুটির পর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খোলা হয়েছে ও যথারীতি ক্লাস পরিচালিত হচ্ছে। জাবরহাট হেমচন্দ্র উচ্চ বিদ্যালয় শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর আসবাবপত্রসমূহ ২৫-৭-২০২২ খ্রিঃ তারিখে পাওয়া গেছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | শূণ্যপদে শিক্ষক ও কর্মচারী নিয়োগের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে প্রাথমিক শিক্ষা বিভাগের পক্ষ থেকে স্বাগতম জনিয়ে সভায় জানান যে পীরগঞ্জ উপজেলার প্রাথমিক শিক্ষা ভালোভাবে পরিচালিত হয়ে আসছে। অত্র উপজেলায় ১৮৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ৯১০ জন শিক্ষক-শিক্ষিকা কর্মরত আছেন। বিদ্যালয় ম্যানেজিং কমিটি দ্বারা বিদ্যালয়গুলো পরিচালিত হয়।<br>নবাগত উপজেলা নির্বাহী অফিসার মহোদয় বলেন প্রাথমিক শিক্ষা সকল শিক্ষার মূল। জাতি গঠনে প্রাথমিক শিক্ষার গুরুত্ব অনেক। এ বিষয়ে সকলকে একযোগে কাজ করতে হবে। সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও কর্মকর্তাবৃন্দ স্কুল মনিটরিং করবেন, এ মর্মে এ সভার উদ্ধৃতি দিয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পত্র দেওয়া যেতে পারে। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।<br>তিনি আরো জানান প্রাণিসম্পদ কর্মকর্তা, মৎস্য কর্মকর্তা, চিকিৎসকসহ অন্যান্য কর্মকর্তা বিদ্যালয়ে গেলে তাঁদের কথা শুনে শিশুরা উপকৃত হবে। | ১) বিদ্যালয়গুলো সুষ্ঠভাবে পরিচালনা এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে সরকারি কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও শিক্ষা সংশ্লিষ্ট সকলকে এগিয়ে আসতে হবে।<br>২) সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ, শিক্ষানুরাগী ব্যক্তিবর্গ ও কর্মকর্তাবৃন্দ স্কুল মনিটরিং করবেন, এ মর্মে এ সভার উদ্ধৃতি দিয়ে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়কে পত্র প্রেরণ করতে হবে। | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সম্মানিত সভাপতি, চেয়ারম্যান উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও জানান যে, ১৪ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের কাজ শুরু হওয়ার কথা ছিল। ১২ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কাজ চলমান। দুইটিতে এখনো শুরু হয় নাই। এ বিষয়ে জানতে চাইলে উপজেলা প্রকোশলী, পীরগঞ্জ, ঠাকুরগাঁও জানান কিছু কারিগরি সমস্যার কারনে বিলম্ব হচ্ছে। খুব শীঘ্রই কারিগরি সমস্যা কেটে যাবে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো অধীন এ উপজেলায় আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসূচী বাস্তবায়নের জন্য ৭০ টি শিখন কেন্দ্র চালু হয়েছে মর্মে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো থেকে জানা যায়। ৭০ টি কেন্দ্রের বইয়ের জন্য চাহিদা প্রেরণ করার জন্য নির্দেশনা আছে। শিখন কেন্দ্র বিষয়ে পর্যাপ্ত তথ্য পাওয়া যায় নাই। শিখন কেন্দ্রগুলি এনজিও ইএসডিও কর্তৃক পরিচালিত হওয়ার কথা। সংশ্লিষ্ট ক্যাচমেন্ট এলাকার প্রধান শিক্ষকের মাধ্যমে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। পরিশেষে উপজেলা শিক্ষা অফিসার বলেন বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | ৩) যে সকল বিদ্যালয়ের নতুন ভবনের কার্যক্রম বন্ধ রয়েছে, তা অতি শীঘ্রই শুরু করার জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| ০৮ | **উপজেলা সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভিন্ন ভাত প্রদান কার্যক্রম চলমান রয়েছে। বয়স্ক ভাতা প্রদানের নিমিত্তে অপেক্ষামান তালিকা চাওয়া হয়েছিল। কিন্তু কিছু ইউনিয়ন পরিষদ অদ্যাবধি তালিকা জমা দেয়নি। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন চেয়ারম্যানদের কাছে তালিকা চাওয়া হয়। তিনি আরও জানান, প্রায় প্রতিদিনই বৃদ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিগণ অফিসে আসেন। কিন্তু বসার মত কোন জায়গা না থাকায় অসুবিধার সৃষ্টি হয়। এই জন্য অফিস সংলগ্ন একটি সেড নির্মাণের জন্য অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | উপকারভোগীদের বসার জন্য সেড করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | **১) উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, ২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |
| ০৯ | **পুলিশ বিভাগ** | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় জানান যে, মোট রুজুকৃত মামলা ২৫ টি। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | অপরাধ প্রবণতার ক্রম হ্রাসমান হার অব্যাহত রাখতে হবে। | **অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ ।** |
| ১০ | **উপজেলা খাদ্য বিভাগ** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>বোরো চাল ২১১৫.৫৪০ মে:টন, আমন চাল ৪১৪৬.০৬৩ মে:টন, বোরো ধান ৪২৩.০০০ মে:টন ও খালি বস্তা ৭৬,২২৪ খানা।<br>**ভোমরাদহঃ**<br>চাল আমন ৩১৪.০০০ মে:টন, চাল বোরো ২৩০.১৬০ মে:টন, চাল বোরো ধান ৬৯০.৭২০ মে:টন ও খালি বস্তা ৬,৫৬০ খানা।<br>সভায় জানানো হয় যে, খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় উপকারভোগীদের ডাটাবেজ আপডেট করণের কার্যক্রম চলমান রয়েছে। উক্ত কার্যক্রমে কোন ধরণের অনিয়ম যেন না ঘটে সে বিষয়ে ইউনিয়ন চেয়ারম্যানগন মনিটরিং চলমান রাখবেন। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় উপকারভোগীদের ডাটাবেজ আপডেট করণের কার্যক্রমে যেন কোন ধরণের অনিয়ম না ঘটে সে বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, সেতু ও কালভার্ট প্রকল্পের ০৩ টির কাজ চলমান রয়েছে। বীর নিবাস ০১ টি গ্রুপের ১০ টি ঘরের কাজ চলমান রয়েছে এবং পরবর্তী ০৭ টি গ্রুপের ৩৫ টি ঘরের টেন্ডারে প্রকিয়া চরমান রয়েছ। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**১) ভিজিডি কর্মসূচি:** এই কর্মসূচির আওতায় ২০২১-২০২২ খ্রি: চক্রের উপকারভোগী মোট ২,৫৫৮ জন এবং জুন ২০২২ খ্রি: মাসের খাদ্যশস্য বিতরণ সম্পন্ন হয়েছে। জুলাই ২০২২ খ্রি: মাসের বরাদ্দ না থাকায় ডিও প্রদান করা হয় নি।<br>**২) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচি:** ২০২১-২০২২ খ্রি: অর্থবছর পর্যন্ত উপকারভোগী মোট ১,৪৪৩ জন।<br>**৩) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি:** ২০২১-২০২২ খ্রি: পর্যন্ত অর্থবছর উপকারভোগী মোট ৪৫০ জন।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC):** ২০২২-২০২৩ খ্রি: পর্যন্ত অর্থবছরে জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ০৩ মাস (তিন) মাস মেয়াদী সেলাই দর্জিবিজ্ঞান বিষয়ের উপর ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>**৫) উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজি-এ) প্রকল্প:** এই প্রকল্পের আওতায় ৫০ জন ফ্যাশন ডিজাইন, ৫০ জন ক্রিষ্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং মোমবাতি ট্রেডে সর্বমোট ১০০ (একশত) জন প্রশিক্ষাণার্থী জুলাই ২০২২ হতে সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ০৩ মাস (তিন) মাস মেয়াদী ১৬ তম এবং ১৭ তম ব্যাচের দুই শিফট অনুযায়ী প্রশিক্ষাণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণার্থীদের বসার জায়গার সল্পতার কারণে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় বিভিন্ন সমস্যা দেখা দিচ্ছে।<br>৬) অত্র উপজেলায় ০১ টি পৌরসভা ও ১০ টি ইউনিয়নে মোট ১১ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ট্রেনিং প্রদানের স্থানের পরিসর বৃদ্ধির জন্য উপজেলা প্রকৌশলী কার্যক্রম গ্রহণ করবেন। | **১) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপঃ সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ০১ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য আশ্রয়ণ প্রকল্পে ৩য় পর্যায়ে নতুন ১০০ টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০ টি নলকূপের স্থান তালিকা পাওয়া গেছে এবং নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | আশ্রয়ণ প্রকল্পগুলোতে পাম্প ওভারহেডটার্গেট স্থাপন সম্ভব কীনা সে বিষয়ে সমীক্ষা সম্পন্ন করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | **সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায়কৃত ২৯,২৯,০৫০/-, ক্রমপুঞ্জিত আদায় ১৫,২২,৬০,০৯৮/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ২৩,৯৭,০০০/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ৬৬ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৭৩,৫৮,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩৫৫ জন, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত ৪২০ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৯,২৬৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ৫৭ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬৭৩ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>১) ০৬ (ছয়) টি অস্থায়ী ফসলের হিসাব নিরুপণ<br>২) ০৫ (পাঁচ) টি স্থায়ী ফসলের হিসাব নিরুপণ<br>৩) ১০ (দশ) টি আইশ ফসলের নমুনা কর্তণ তালিকা প্রস্তুত<br>৪) আইশ ও পাট ফসলের পূর্বাভাস জরিপ তফসিল -১০ (অংশ-২)<br>৫) সমগ্র উপজেলায় ১০ (দশ) জন কৃষক অথবা কৃষি দিন মজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে মাসিক কৃষি মজুরির হার নিরুপণ<br>৬) মৎস্য উৎপাদন জরিপ হিসাব নিরুপণ<br>৭) গবাদি পশু ও হাঁস-মুরগির প্রাক্কলন জরিপ হিসাব নিরুপণ<br>এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>জনশুমারি ও গৃহগণনা-২০২২ কার্যক্রমে যেন কোন মানুষ গণনা হতে বাদ না পড়ে সে বিষয়ে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>-</td><td>১২১.০৮</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬১.৪৮</td><td>০.৫৩</td><td>৪৪.১৬</td><td>৪৪.৩২</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>০.০৫</td><td>১৩.১৪</td><td>১৫.৩৪</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.০০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩৮.৬৬</td><td>০.৫৮</td><td>১৮১.৬৮</td><td>২০২.৬৩</td><td>৯০%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা বিট বন কর্মকর্তা পরপর দুটি সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | এসএফপিসি, পীরগঞ্জ। |
| ১৯ | উপজেলা বরেন্দ্র বিভাগ | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দৃষ্টি আর্কষণ করে জানান যে, জাবরহাট ইউনিয়নের দক্ষিন মালঞ্চা, বলদিয়ারা, কলিযুগ, গোলন্দগাঁও, মাটিয়ানি, বৃদ্ধিগাঁও, চন্দরিয়া, মাধবপুর ও সেত্রাপাড়া মৌজায়, জলাবদ্ধতার কারনে প্রায় ৩,১০০ হেক্টর জমিতে চাষাবাদে চরম সমস্যা হচ্ছে, যা নদীর সাথে সংযোগ পাইপের মাধ্যমে নিরসন করা যেতে পারে। জাবরহাট চেয়ারম্যানও উক্ত কাজটি দ্রুত করার জন্য বিএমডিএ'কে অনুরোধ করেন। | এ বিষয়ে বিএমডিএ'কে দ্রুত পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি গ্রহণের ব্যবস্থা করতে হবে। | সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২১ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় জানান যে, আগামী ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ তারিখ হতে ১৮ অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহকারীগণ ভোটারদের তথ্য সংগ্রহ করবেন এবং ২২ অক্টোবর ২০২২ খ্রিঃ তারিখ হতে ১৯ নভেম্বর ২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত রেজিষ্ট্রেশন কার্যক্রম চলবে। উক্ত সময়ে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ২২ | পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় জানান যে, পীরগঞ্জ পল্লী বিদ্যুৎ এর আওতায় আশ্রয়ণ প্রকল্পের আওতায় ঘরগুলি ওয়্যারিং এর কাজ চলমান রয়েছে। ওয়্যারিং সম্পন্ন হলে মিটার লাগিয়ে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হবে।<br>গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে আবাসিক ও বাণিজ্যিক সংযোগ ০৭ দিনের মধ্যে এবং সংযোগ ১৫ দিনের অর্থাৎ কার্য দিবসের মধ্যে সংযোগ প্রদানের কাজ অব্যাহত রয়েছে।<br>তিনি আরও জানান, বর্তমানে উৎপাদন ও চাহিদার মধ্যে কিছুটা ঘাটতি থাকায় লোড শেডিং করে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় | উপজেলা সহঃ প্রোগ্রামার সভায় জানান যে, নতুন বরাদ্দ প্রাপ্ত ১০ টি শেখ রাসেল ডিজিটার ল্যাব ও ০১ টি স্কুল অফ ফিউচার স্থাপনের কার্যক্রম প্রায় সমাপ্ত হয়েছে। উক্ত অধিদপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | সহঃ প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, পীরগঞ্জ। |
| ২৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | ইউডিএফ সভায় জানান যে, পঞ্চম পর্বের দুটির প্রশিক্ষণ এখনো সম্পন্ন করা সম্ভব হয়নি। প্রশিক্ষণ দুটি দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটির দৃষ্টি আর্কষন করেন। সভায় নির্দেশনা অনুসারে প্রয়োজনীয় সভা সম্পন্ন করা এবং সংশ্লিষ্ট সকলকে সভায় অংশ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এছাড়াও সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ১) অতি শীঘ্রই প্রশিক্ষণ দুটি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করা হলো।<br>২) সংশ্লিষ্ট সকল কমিটি নির্দেশনা অনুসারে সভা সম্পন্ন করে এ সভাকে অবহিত করবেন। | ১) উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ।<br>২) উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| ২৫ | উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৫ম পর্যায়ের একটি অবকাঠামো বিষয়ক ‘‘সিনুয়া বালিকা উচ্চ বিদ্যালয় এবং জনগাঁও বালিকা উচ্চ বিদ্যালয়ে শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ২টি ওয়াশব্লক নির্মান প্রকল্প (প্যাকেজ নং- e-Tender/INF-2020-21-559482-01) যা, এম এইচ কর্পোরেশন, বোদা, পঞ্চগড় কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চূড়ান্ত বিলের আবেদন করেছেন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী **পরিশিষ্ট ‘গ’** -তে দেখানো হলো।<br>সভায় আরও জানানো হয় যে, ইউনিয়ন পর্যায়ে রাস্তা আইডিভূক্ত করার কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে তাদের এলাকাভূক্ত সকল আইডিবিহীন রাস্তার তালিকা প্রদান করার জন্য অনুরোধ জানান। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপস্থাপিত বিল সকলের আলোচনার ভিত্তিতে অনুমোদন করা হলো। বিস্তারিত **পরিশিষ্ট ‘গ’** তে দেখানো হলো। | উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ। |
| ২৬ | বিবিধ | সভায় আলোচনা হয় যে, পীরগঞ্জ রেলওয়ে স্টেশন হতে আন্তঃ নগর ট্রেনগুলোর টিকিট না পাওয়ার অভিযোগকারীদের মধ্যে রয়েছে। এ বিষয়ে স্টেশন মাষ্টার সভাকে অবহিত করেন যে, পীরগঞ্জ হতে ছেড়ে যাওয়া ট্রেনসমূহের প্রাপ্ত ছিটের সংখ্যা সীমিত। রেলওয়ের নিয়ম অনুসারে যাত্রার ০৫ দিন পূর্বে অনলাইনে ওপেন করতে হয়। বিস্তারিত আলোচনান্তে পীরগঞ্জ রেলওয়ে স্টেশন হতে ছেড়ে যাওয়া সকল ট্রেনের সময় সূচি এবং টিকিট প্রাপ্তির নিয়মাবলী সকলের জ্ঞাতার্থে উন্মুক্ত স্থানে প্রর্দশনের ব্যবস্থা করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | পীরগঞ্জ রেলওয়ে স্টেশন হতে ছেড়ে যাওয়া সকল ট্রেনের সময় সূচি এবং টিকিট প্রাপ্তির নিয়মাবলী সকলের জ্ঞাতার্থে উন্মুক্ত স্থানে প্রর্দশনের ব্যবস্থা করতে হবে। | ১) উপজেলা নির্বাহী অফিসার,<br>২) স্টেশন মাষ্টার, পীরগঞ্জ। |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৭৮(৫০)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৯ / ২৫ জুলাই ২০২২

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা.............................................................. (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,............................................ (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,..................................................... ।

২৫/০৭/২০২২

(মোঃ শাহরিয়ার নজির)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

পরিশিষ্ট - 'গ'

তারিখঃ ২৫-০৭-২০২২খ্রি:

# পীরগঞ্জ উপজেলা পরিষদের জুলাই ২০২২খ্রি: মাসের সভার কার্যবিবরণীঃ

উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় (ইউজিডিপি) প্রকল্পের ৫ম পর্যায়ের একটি অবকাঠামো বিষয়ক ''সিনুয়া বালিকা উচ্চ বিদ্যালয় এবং জনগাঁও বালিকা উচ্চ বিদ্যালয় শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ২টি ওয়াশব্লক নির্মান''(প্যাকেজ নং- e-Tender/INF-2020-21-559482-01) **যাহা** এম এইচ কর্পোরেশন, বোদা, পঞ্চগড় কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বিধি মোতাবেক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হস্তান্তর পূর্বক চুড়ান্ত বিলের আবেদন করেছেন। সংশ্লিষ্ট ঠিকাদারকে **১ম** ও চুড়ান্ত বিল প্রদান করা প্রয়োজন। অত:পর তিনি অনুমোদনের জন্য সভায় বিল উপস্থাপন করেন। সমাপ্তকৃত প্রকল্প কার্যক্রম ও বিলের বিবরণী নিম্নে পেশ করা হলো।

| প্রকল্পের নাম | প্রকল্প নং/ প্যাকেজ নং | চুক্তি মূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিল (টাকা) | ভ্যাট ও ট্যাক্স বাদে নীট বিলের পরিমান | ভ্যাটের পরিমান | ট্যাক্সের পরিমান | মোট বিল ভ্যাট ও ট্যাক্স সহ |
|---|---|---|---|---|---|---|---|
| ''সিনুয়া বালিকা উচ্চ বিদ্যালয় এবং জনগাঁও বালিকা উচ্চ বিদ্যালয় শিক্ষিকা ও ছাত্রীদের জন্য ২টি ওয়াশব্লক নির্মান'' | INF-2020-21-559482-01 | ১১,৫১,২১০/- | ১১,৪৬,২৭৭/- | ১০,২৫,৯১৮/- | ৮৫,৯৭১/- | ৩৪,৩৮৮/- | ১১,৪৬,২৭৭/- |
| **মোট = ১০,২৫,৯১৮/-(দশ লক্ষ পচিঁশ হাজার নয়শত আঠারো টাকা)মাত্র** | | | | | | | |